

২০১৮ সালের এম.এ/এম.এস.এস/এম.বি.এ/এম.এস.সি/শেষপর্ব পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সালের এম.এ/এম.এস.এস/এম.বি.এ/এম.এস.সি/শেষপর্ব পরীক্ষার নিয়মিত, প্রাইভেট, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের ফি জমাদানের তারিখ ও নিয়মাবলী নিম্নে দেয়া হল এবং বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও ফি জমাদানের তারিখ প্রদান করা হলো।

ক্রমিক নং	বিষয়	ফরম পূরণ ও জমাদানের তারিখ	সময়
১	বাংলা, ইংরেজি, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম	০১/০১/২০২০ খ্রি.	সকাল ৯.০০ টা হতে
২	হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	০২/০১/২০২০ খ্রি.	দুপুর ২.০০ টা পর্যন্ত
৩	গণিত, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা, পদার্থবিদ্যা ও রসায়ন	০৫/০১/২০২০ খ্রি.	

২০১৫ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষার ফি নিম্নরূপ :

ক্রমিক নং	বিষয়	পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)	প্রাইভেট
১	বাংলা, ইংরেজি, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	৩৬৫০/-	৩৪০০/-
২	সমাজকর্ম	৩৪০০/-	
৩	গণিত, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা, পদার্থবিদ্যা ও রসায়ন	৩৭৭০	

গ্রেডউন্নয়ন, সিজিপিএ উন্নয়ন ও অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে : ০১ বিষয় পরীক্ষার ক্ষেত্রে মানোন্নয়ন ফি ১০৫০/- টাকা এবং একাধিক বিষয়ে মানোন্নয়ন ও অকৃতকার্য পরীক্ষার ক্ষেত্রে ১০৫০/- টাকার সাথে প্রতি পত্রের জন্য ২৫০/- টাকা যোগ হবে। যেমন একজন শিক্ষার্থী ০২ বিষয়ে মানোন্নয়ন ফি হবে ১০৫০+২৫০ = ১৩০০/- টাকা।

বি: দ্র : নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

ফরম পূরণের ওয়েবসাইট : www.nubd.info/mf গিয়ে নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।

পরীক্ষার ফি জমা দান পদ্ধতি

ফেনী পৌর এলাকার মিজান রোড, প্রধান শাখা, সোনালী ব্যাংক থেকে অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ এই নামে এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :- এখানে উল্লেখ্য যে, পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।


পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৬ এবং ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৮ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৬ এবং ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৭ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সেসব শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।
- ২০১৭ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA- 2.5 এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় সেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে (সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে) মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, এসব শিক্ষার্থীর ইন-কোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।

অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :

- আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেডলাইন জমা দিতে হবে।
- আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১ টি আবেদন ফরম এর সাথে জমা দিতে হবে।


 অধ্যক্ষ
 ফেনী সরকারি কলেজ, ফেনী
 ফেনী সরকারি কলেজ, ফেনী
 ০৪/১২/১৯

